# ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয়: ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | সার্টিফিকেট সেবা | শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হলে ১৫ টাকা নগদ প্রদান করে প্রশাসনিক ভবনের ৩১০ নং কক্ষ হতে আবেদন ফরম ক্রয় করতে হয়। তা যথাযথভাবে পূরণ করে হল প্রভোস্টের স্বাক্ষরের জন্য হল অফিসে যেতে হয়। হল প্রভোস্টের স্বাক্ষরের পর প্রশাসনিক ভবনের ৩০৯ নং কক্ষে এসে টাকার পরিমান লিখিয়ে নিয়ে তা টিএসসি জনতা ব্যাংকে জমা দিয়ে উক্ত ফরম আবার প্রশাসনিক ভবনের ৩০৯নং কক্ষে জমা দিতে হয়।<br>এতে করে একজন শিক্ষার্থীকে ৪ বার আসতে হতো।<br>বর্তমানে শিক্ষার্থী অন-লাইনের মাধ্যমে আবেদন ও প্রয়োজনীয় ফি জমা দিয়ে হল অফিসে উক্ত ফরম জমা দিবে। হল প্রভোস্টের স্বাক্ষর হলে উক্ত ফরমটি প্রশাসনিক ভবনের ৩০৯ নং কক্ষে জমা দিবে। এতে করে শিক্ষার্থীর ২/১ দিন আসতে হয়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://service.du.ac.bd | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ২. | মার্কশীট সেবা | শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হলে ১৫ টাকা নগদ প্রদান করে প্রশাসনিক ভবনের ৩১০ নং কক্ষ হতে আবেদন ফরম ক্রয় করতে হয়। তা যথাযথভাবে পূরণ করে হল প্রভোস্টের স্বাক্ষরের জন্য হল অফিসে যেতে হয়। হল প্রভোস্টের স্বাক্ষরের পর প্রশাসনিক ভবনের ৩০৯ নং কক্ষে এসে টাকার পরিমান লিখিয়ে নিয়ে তা টিএসসি জনতা ব্যাংকে জমা দিয়ে উক্ত ফরম আবার প্রশাসনিক ভবনের ৩০৮নং কক্ষে জমা দিতে হয়। এতে করে একজন শিক্ষার্থীকে ৪/৫ বার আসতে হতো।<br>বর্তমানে শিক্ষার্থী অন-লাইনের মাধ্যমে আবেদন ও প্রয়োজনীয় ফি জমা দিয়ে হল অফিসে উক্ত ফরম জমা দিবে। হল প্রভোস্টের স্বাক্ষর হলে উক্ত ফরমটি প্রশাসনিক ভবনের ৩০৮ নং কক্ষে জমা দিবে। এতে করে শিক্ষার্থীর ২/১ দিন আসতে হয়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://service.du.ac.bd | |
| ৩. | পরীক্ষার ফরম ফিলাপ সেবা | ফরম ফিলাপ করার জন্য শিক্ষার্থীদের প্রশাসনিক ভবনে আসতে হতো এবং ফরম সংগ্রহ করে তা চেয়ারম্যানের স্বাক্ষর গ্রহণ করে টিএসসি জনতা ব্যাংকের মাধ্যমে টাকা জমা দিতে হতো।<br>বর্তমানে অন-লাইনের মাধ্যমে শিক্ষার্থী ফরম ফিলাপ ও টাকা প্রদান করতে পারে। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://eco.du.ac.bd/ | |
| ৪. | শিক্ষার্থীদের সরকারি বৃত্তি প্রদান সেবা | পূর্বে শিক্ষার্থীদের কোন তথ্যর ডাটাবেজ ছিলনা ফলে শিক্ষার্থী জানতে পারতো না তারা বৃত্তি পেয়েছে কিনা। চিঠির মাধ্যমে জানলেও অনেক সময় প্রয়োজনীয় তথ্য সময়মত দিতে না পারায় বৃত্তি বাতিল হয়ে যেত।<br>বর্তমানে অন-লাইনের মাধ্যমে শিক্ষার্থী জানতে পারে সে বৃত্তি প্রাপ্ত হয়েছে কিনা এবং অন-লাইনের মাধ্যমেই শিক্ষার্থী তার যাবতীয় তথ্য প্রদান করে বৃত্তির টাকা সংগ্রহ করতে পারে। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://studentscholarship.du.ac.bd/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ৫. | শিক্ষার্থীদের স্বাস্থ্যবীমা সেবা | শিক্ষার্থীদের স্বাস্থ্যবীমা সেবার জন্য প্রশাসনিক ভবনে এসে ফরম সংগ্রহ করতে হতো।<br>বর্তমানে অন-লাইন হওয়াতেই শিক্ষার্থী সহজেই যে কোন স্থান থেকে ফরম ও নিয়মাবলী সংগ্রহ করে স্বাস্থ্যবীমার জন্য আবেদন করতে পারে | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://www.du.ac.bd/students/Insurance | |
| | বাসা বরাদ্দের আবেদন সেবা | পূর্বে সম্পূর্ণ ম্যানুয়েল পদ্ধতিতে আবেদন করতে হতো। অনেক সময় আবেদন করার সময় তথ্য সংগ্রহ করতে অনেক সমস্যা হতো।<br>বর্তমানে অন-লাইনের মাধ্যমে শুধুমাত্র কয়েকটি তথ্য দিয়েই আবেদন করা যায়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://ssl.du.ac.bd/record_falt_allotment | |
| ৬. | ট্রান্সক্রিপ্ট সেবা | শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হলে ১৫ টাকা নগদ প্রদান করে প্রশাসনিক ভবনের ৩০৯ (ক) নং কক্ষ হতে আবেদন ফরম ক্রয় করতে হয়। তা যথাযথভাবে পূরণ করে হল ৩০৯ (ক) কক্ষে এসে টাকার পরিমান লিখিয়ে নিয়ে তা টিএসসি জনতা ব্যাংকে জমা দিয়ে উক্ত ফরম আবার প্রশাসনিক ভবনের ৩০৯ (ক) নং কক্ষে জমা দিতে হয়।<br>বর্তমানে শিক্ষার্থীদের অন-লাইনের মাধ্যমে আবেদন ও প্রয়োজনীয় ফি জমা দিয়ে শুধু মাত্র ট্রান্সক্রিপ্ট হলে তা সংগ্রহের জন্য আসতে হয়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://eco.du.ac.bd/ | |
| ৭. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ফরম (সম্পাদনযোগ্য) সেবা | পূর্বে যে কোন ফরম সংগ্রহের জন্য প্রশাসনিক ভবনে আসতে হতো। এবং ফরম টি হাতে পূরণ করতে হতো।<br>বর্তমানে যে কোন স্থান হতে ফরম ডাউনলোড করে কম্পিউটারের মাধ্যমেই পূরণ করা যায়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://du.ac.bd/du_forms | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ৮. | অনুমোদিত এনওসি/জিও অন-লাইনে সন্নিবেশন সেবা | পূর্বে এনওসি/জিও কোন তথ্য অন-লাইনে দেয়া হতো না। ফলে পার্সপোর্ট কিংবা ভিসার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতো।<br>বর্তমানে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে সকল তথ্য দেয়া থাকে ফলে পাসপোর্ট কিংবা ভিসায় কোন জটিলতা সৃষ্টি হয়না। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://du.ac.bd/du_noc | |
| ৯. | ৭কলেজ শিক্ষার্থী সেবা | ৭ কলেজের সকল কাজ পূর্বে ম্যানুয়েল পদ্ধতিতে হতো। ফলে শিক্ষার্থীদের যে কোন কাজে প্রশাসনিক ভবনে আসতে হতো।<br>বর্তমানে ৭ কলেজের সকল কার্যাবলী অন–লাইনের মাধ্যমে সম্পাদন করা হয়। ফলে শিক্ষার্থীদের প্রশাসনিক ভবনে আসতে হয়না। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://7college.du.ac.bd/ | |
| ১০. | সফটওয়্যারের মাধ্যমে বেতনের সকল তথ্য প্রেরণ সেবা | শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের বেতন সংক্রান্ত যে কোন তথ্য জানতে হিসাব পরিচালক বরাবর আবেদন করতে জানতে হতো।<br>বর্তমানে এআইএস ড্যাসবোর্ড হওয়ায় সহজে বেতনের সকল তথ্য জানতে পারা যায়। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | http://accountsdashboard.cse.du.ac.bd | |
| ১১. | বিদেশি শিক্ষার্থী ভর্তি সেবা | বিদেশি শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত সকল কাজ ম্যানুয়েলি ছিল।<br>বর্তমানে অন-লাইনের মাধ্যমে বিদেশি শিক্ষার্থীরা তাদের কার্যাবলী সম্পাদন করতে পারে। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | https://oia.du.ac.bd/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১২. | পরীক্ষার ফলাফল প্রদান সেবা | পূর্বে পরীক্ষার ফলাফল ম্যানুয়েলি প্রকাশ করা হতো। শিক্ষার্থীদের ফলাফল জানতে হলে মার্কশীট উত্তোলন করতে হতো।<br>বর্তমানে শিক্ষার্থীদের সকল পরীক্ষার ফলাফল অন-লাইনে পাওয়া যায়। ফলে মার্কশীট উত্তোলনের কোন প্রয়োজন হয় না। | হ্যাঁ কার্যকর আছে | হ্যাঁ পাচ্ছে | http://result.du.ac.bd/ | |